

**Raiganj University**  
Department of Bengali  
Entrance Examination for  
Ph.D Coursework/Programme, 2020-21

পূর্ণমান : ৭০

সময় : ৩ ঘণ্টা

**বিভাগ - ক**

ক. যেকোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

২ x ১২ = ২৪

১. রবীন্দ্র মননে 'নারী মুক্তি' ভাবনাটি তাঁর কথাসাহিত্যে কীভাবে ধরা পড়েছে আলোচনা করুন।
২. বাক্যতত্ত্ব আলোচনায় নোয়াম চমস্কির বিশেষত্বগুলি আলোচনা করুন।
৩. উনিশ শতকের বিবিধ আন্দোলন বাংলা গদ্যকে পরিণত করেছে— বক্তব্যটি বিশ্লেষণ করুন।
৪. মধ্যযুগের আখ্যানকাব্যে উপন্যাসের দেশজ ঐতিহ্যের অনুসন্ধান কতটা যুক্তিযুক্ত পর্যালোচনা করুন।

খ. যেকোনো একটি বিষয়ে টীকা লিখুন :

১ x ৫ = ০৫

১. কাব্যসত্য বা সাহিত্যের সত্য
২. সাহিত্যে উপলব্ধির গুরুত্ব
৩. জীবন ও শিল্পের পারস্পরিক সম্পর্ক ও বৈপরীত্ব
৪. মধ্যযুগের সাহিত্যে সমাজতত্ত্ব

**বিভাগ - খ**

ক. যেকোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

২ x ১২ = ২৪

১. 'রিভিউ অফ লিটারেচার' বলতে কী বোঝায় ? সম্ভাব্য একটি গবেষণা প্রস্তাবনার 'রিভিউ অফ লিটারেচার' প্রস্তুত করুন।
২. সমাজবিদ্যা চর্চা গবেষণায় সাংস্কৃতিক বিদ্যা চর্চার গুরুত্ব আলোচনা করুন।
৩. শৈলী বিচারমূলক পদ্ধতি (Stylistic Method) প্রয়োগ করে যেকোনো দুজন লেখকের রচনাশৈলী বিশ্লেষণ করুন।
৪. ভাষা পরিকল্পনা বলতে কী বুঝি ? ভাষা পরিকল্পনার ক্ষেত্রে আঞ্চলিক ভাষা বৈচিত্র্যের গুরুত্ব নির্দেশ করুন।

খ. যেকোনো একটি বিষয়ে টীকা লিখুন :

১ x ৫ = ০৫

১. ভাষামুদ্রা (Register)
২. নবনির্মাণ (New Constraction)
৩. রুদ লেভি স্ট্রসের সূত্র
৪. সমাজভাষাবিজ্ঞানের ত্রিসূত্র

Raiganj University  
Department of Bengali  
Entrance Examination for  
Ph.D Coursework/Programme, 2020-21

বিভাগ - গ

ক. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

৬ x ২ = ১২

১. “এ শুধু গানের দিন এ লগন গান শোনার  
এ তিথি শুধু গো যেন দখিন হাওয়ার—”

উদ্ধৃত সংগীতাংশটি কোন উপন্যাসের শেষে ব্যবহৃত হয়েছে ? উপন্যাসটির লেখক কে ?

২. উপন্যাসের আলোচনায় ‘Point of view’ শব্দটি পারিভাষিক শব্দ হিসেবে প্রথম কে ব্যবহার করেন ?  
Genette এর পরিবর্তে কোন শব্দটি ব্যবহারের কথা বলেছেন ?
৩. ‘ফোকলোর’ শব্দটি কে কবে কোথায় প্রথম ব্যবহার করেন ?
৪. রাজা হরিশ্চন্দ্রের ব্রতকথাটি কোন মঙ্গলকাব্যে কোন প্রসঙ্গে পাওয়া যায় ?
৫. কুমার অজিত দত্ত কোন অঞ্চলের কথাকার ? তাঁর রচিত দুটি গ্রন্থের নাম লেখো ।
৬. “রাজস্থানের পার্বত্যপ্রদেশে রূপনগর নামে একটি রাজ্য ছিল।” – উদ্ধৃতাংশটির উৎস ও রচনাকারের নাম লিখুন।

\*\*\*\*\*

বি.দ্র. : পরীক্ষা শেষ হওয়ার ৩০ মিনিটের মধ্যে নিম্নলিখিত ই-মেইলে উত্তরপত্র পিডিএফ করে আপলোড করুন।

bengalirguphd@gmail.com